

বাবুফে প্রেসিডেন্টের বিবৃতি- মার্চ, ২০১৭

বাবুফের মাসিক ব্রিফিং সেশনে আপনাদের সবাইকে স্বাগতম জানিয়ে আজকের আলোচনা শুরু করছি।

ফিফা র্যাংকিং-এ এগারো ধাপ এগিয়েছে বাংলাদেশ নারী ফুটবল দল

বাংলাদেশ প্রমীলা ফুটবল দল সর্বশেষ ফিফা র্যাংকিং-এ এগারো ধাপ এগিয়ে ১৭৭ টি দেশের মধ্যে বর্তমানে ১০৩তম স্থানে অবস্থান করছে। সর্বমোট ১০০৩ পয়েন্ট পাওয়া এই দলটি এর আগে ৯৮৭ পয়েন্ট নিয়ে ১১৪তম স্থানে ছিল। এর মাধ্যমে আমাদের নারী দলটি শ্রীলংকা, মালদ্বীপ, পাকিস্তান এবং আফগানিস্তানকে পেছনে ফেলেছে। সার্কভুক্ত দেশগুলোত মধ্যে ৫৬তম পজিশনে থেকে সবার চেয়ে এগিয়ে আছে ভারত।

পাইওনিয়ার ফুটবল লিগ

২০১৭ পাইওনিয়ার ফুটবল লিগে অনূর্ধ্ব-১৬ খেলোয়াড় কোটা পূরণের লক্ষ্যে সম্প্রতি বাংলাদেশ ফুটবল ফেডারেশন বিশেষ ট্রায়ালের আয়োজন করে। মতিঝিলে অবস্থিত বিএফএফ টারফে এই ট্রায়াল আয়োজন করা হয় যেখানে শহরের কিশোরদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে।

অনূর্ধ্ব ১৮ জাতীয় চ্যাম্পিয়নশীপ

অনূর্ধ্ব ১৮ জাতীয় চ্যাম্পিয়নশীপ ২০১৭-এর প্রাথমিক পর্ব দেশের আটটি অঞ্চলে গত ৯ মার্চ শুরু হয়। দেশের আটটি ভেন্যুতে অনুষ্ঠিত এই পর্বে মোট ৬৪টি দল অংশগ্রহণ করে।

এই প্রতিযোগিতায় ৬৩ টি জেলা থেকে ৬৩টি দল এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে একটি দল অংশগ্রহণ করবে। উল্লেখ্য, প্লে অফে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে হারিয়ে মূল পর্বে খেলার যোগ্যতা লাভ করে বিকেএসপি।

বঙ্গবন্ধু এবং বঙ্গমাতা গোল্ড কাপ

বঙ্গবন্ধু গোল্ড কাপ প্রাইমারি স্কুল ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ড কাপ প্রাইমারি স্কুল ফুটবল টুর্নামেন্ট-এর ফাইনাল ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে

অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করে প্রতিযোগিতার মান বৃদ্ধি করেন।

শেখ কামাল ক্লাব কাপ

দক্ষিণ কোরিয়া, নেপাল, মালদ্বীপ, কিরগিজস্তান এবং আফগানিস্তানের পাঁচটি ক্লাবের অংশগ্রহণে চট্টগ্রামে শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ অনুষ্ঠিত হয়। দেশীয় ক্লাব চট্টগ্রাম আবাহনী ফাইনালে উঠতে ব্যর্থ হলেও এ বছরের প্রতিযোগিতা ছিল বেশ আকর্ষণীয় এবং এখন থেকে এটি এই দেশগুলোর ফুটবল ক্যালেন্ডারে নিয়মিত টুর্নামেন্ট হিসেবে যোগ হবে।

কোচদের সি লাইসেন্স কোর্স

বিএফএফ-এএফসি 'সি' সার্টিফিকেটের প্রথম পর্যায়ে সর্বাধিক ব্যক্তিবর্গের অংশগ্রহণে কোচিং কোর্স চালু করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন। এই কোর্সের দ্বিতীয় পর্যায় ৩ এপ্রিল থেকে শুরু হবে।

সম্প্রতি পুনরায় পর্যবেক্ষণ ও অনুমোদনের লক্ষ্যে একদিনের এ, বি এবং সি লেভেল কোর্সের আয়োজন করে বাফুফে।

এছারা বি এবং এ লেভেল সার্টিফিকেট কোর্সের পার্ট-১ এর পাশপাশি একটি কোচ এডুকেটর কোর্স আয়োজনের পরিকল্পনা রয়েছে যার মাধ্যমে ঢাকার বাইরে দেশের বিভিন্ন জেলায় 'সি' লেভেল সার্টিফিকেট কোর্স আয়োজনের পথ আরো সুগম হবে।

দেশের তিন জেলায় মিনি আর্টিফিশিয়াল টার্ব

ফেনী, মাদারীপুর এবং নীলফামারীতে কৃত্তিম টার্ব বসাবে বাফুফে। বাফুফের আবেদনের প্রেক্ষিতে এশিয়ান স্পোর্টস বডি এই প্রজেক্ট বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে।

বিপিএল ক্লাব লাইসেন্সিং অ্যাডমিনিস্ট্রেশন সিস্টেম ডেমো

ফিফা এবং এএফসির নির্দেশনা অনুযায়ী আসন্ন মৌসুমে 'বাংলাদেশ প্রিমিয়ার লিগ' এবং 'বাংলাদেশ চ্যাম্পিয়ন্স লিগ' এর জন্য ক্লাব লাইসেন্সিং প্রোগ্রাম আয়োজন করে বাফুফে।

এই প্রোগ্রামের আওতায় গুয়েভভিত্তিক ক্লাব লাইসেন্সিং অ্যাডমিনিস্ট্রেশন সিস্টেম (সিএলএএস) এর মাধ্যমে প্রতিটি ক্লাবকেই গুরুত্বপূর্ণ পেপার সাবমিট করতে বলা হয়েছে।

এই লক্ষ্য বাফুফের পেশাদার ফুটবল লীগ কমিটি একটি ডেমোর আয়োজন করে যেখানে সব ক্লাবের অংশগ্রহণে সিস্টেমের খুঁটিনাটি এবং আপলোডিং প্রসেস দেখানো হয়।

এএফসি টুর্নামেন্টে বিপিএল চ্যাম্পিয়ন আবাহনী

সম্প্রতি এএফসি কাপের ই গ্রুপের প্রথম ম্যাচে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বিপিএল চ্যাম্পিয়ন ঢাকা আবাহনী এবং মালদ্বীপের দিভেহী প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়ন মাজিয়া এসআরসি মুখোমুখি হয় যেখানে স্থানীয় দলটি ২-০তে পরাজিত হয়।

এশিয়ার বিভিন্ন দেশের জাতীয় লিগ বিজয়ীদের নিয়ে প্রতিবছরই এই প্রতিযোগিতা আয়োজন করে এএফসি। প্রতিযোগিতার সর্বশেষ সংস্করণে ৯ টি গ্রুপে মোট ৩৬টি ক্লাব অংশগ্রহণ করবে।

এই লক্ষ্য দলগুলোকে ওয়েস্ট, সেন্ট্রাল, সাউথ, ইস্ট এবং এএসইএএন- এই পাঁচটি জোনে ভাগ করা হয়েছে। ৯টি গ্রুপের মধ্যে ৬টি ওয়েস্ট এবং এএসইএএন জোনের এবং বাকি তিন জোন থেকে একটি করে দল নেয়া হয়েছে। সাউথ এশিয়া জোনের দল হিসেবে প্রতিযোগিতার ই-গ্রুপে রয়েছে ঢাকা আবাহনী।

এ গ্রুপের অন্যান্য দল হলো- জেএসডব্লিউ ব্যাঙ্গালুরু এফসি(ভারত), মোহনবাগান এফসি(ভারত), মাজিয়া স্পোর্টস এন্ড রিক্রিয়েশন ক্লাব (মালদ্বীপ)। গ্রুপ পর্বে হোম-অ্যাগুয়ে ফরম্যাটে একটি দল বাকি সবার সাথে ম্যাচ খেলবে। এভাবে গ্রুপ চ্যাম্পিয়ন দলটি প্রতিযোগিতার সেমি ফাইনালে পৌঁছাবে।

আবাহনী ইতোমধ্যে একটি ম্যাচ খেলেছে এবং চলতি বছরের মে নাগাদ আরো পাঁচটি ম্যাচ খেলবে।